

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে বিদায় অনুষ্ঠান



৫ নভেম্বর, ২০১৯-মঙ্গলবার বেলা ১১ ঘটিকায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিএ অনার্সের ১১ তম ব্যাচের বিদায় অনুষ্ঠান বিভাগীয় কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

কলা অনুষদের ডিন ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মাদ এবং বিভাগীয় সহযোগী অধ্যাপক ড. মাহমুদা খানম। স্বাগত বক্তব্য প্রদান করেন ড. শামছুল কবীর। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং বিদায়ী শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।